# এইচ এস সি পরীক্ষা ২০১৬এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

**বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ১ম পত্র (সৃজনশীল)**

**বিষয় কোড : ২ ৬ ৭**

**সময়: ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।

১. ▶ ত্রয়োদশ শতাব্দীর প্রথম দিকে চেঙ্গিস খানের নেতৃত্বে মধ্য এশিয়ার মোঙ্গল জাতির উত্থান একটি ঐতিহাসিক ঘটনা। কোনো কোনো ঐতিহাসিকের মতে, তারা মোঙ্গলীয় দেশ থেকে এসেছিল বলে তাদেরকে মোঙ্গল বলা হতো। তারা খুব সাহসী ও দুর্ধর্ষ ছিল। তাদের বাসস্থানের কোনো ভৌগোলিক সীমারেখা ছিল না। মধ্য এশিয়ার বিশাল চারণভূমি ছিল এ যাযাবর জাতির বাসস্থান। তারা অন্যান্য যাযাবর জাতির ন্যায় পশু ও ঘোড়া চড়াত এবং লুণ্ঠন করে জীবন অতিবাহিত করত। তাদের অধিকাংশ সূর্যের পূজা করত। প্রকৃতির সংগে অবিরাম সংগ্রাম করে তারা কর্মঠ ও সহিষ্ণু হয়ে ওঠে।

ক. মালা কী? ১

খ. সুখী আরবভূমি বলতে কি বোঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত মোঙ্গল জাতির সাথে আরব জাতির কোন বিষয়গুলোর মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের মোঙ্গলদের ন্যায় আরব অধিবাসীদের জীবনযাত্রায় ভৌগোলিক পরিবেশ গভীরভাবে প্রভাবিত করে। বিশ্লেষণ কর। ৪

২. ▶ মাহমুদ সাহেব একজন শিল্পপতি ও সমাজসেবক। তিনি দেশের যেকোনো প্রাকৃতিক দুর্যোগের সময় সমাজের দুস্থ, অসহায় মানুষের পাশে অবস্থানের চেষ্টা করেন। বিগত "ঘূর্ণিঝড় আইলা" এর সময় দক্ষিণাঞ্চলের কিছু জেলা আক্রান্ত হয়েছিল। তখন তিনি পত্রিকা ও টিভির সংবাদে ঐ অঞ্চলের মানুষের দুঃখ দুর্দশার বিষয়ে অবহিত হন। পাশাপাশি কতিপয় উচ্ছৃঙ্খল লোকের চুরি, ডাকাতি, লুটতরাজ ও রাহাজানির খবর শুনে সেখানে ছুটে যান। অসহায় মানুষের অবস্থা দেখে তিনি খুবই ব্যথিত হন। মানুষের দুঃখ দুর্দশা দূর করার জন্য সেখানকার কিছু যুবক নিয়ে একটি সেবাধর্মী সংগঠন গড়ে তোলেন।

ক. হযরত মুহম্মদ (স:) কত বছর বয়সে নবুয়ত লাভ করেন? ১

খ. সব অ-মুয়াল্লাকাত বলতে কি বোঝ? ২

গ. মাহমুদ সাহেব মহানবী (স:) এর কোন সংগঠনের আদর্শে অনুপ্রাণিত হয়ে একটি সংগঠন গড়ে তুলেছিলেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত "আইলা" পরবর্তী পরিস্থিতি জাহেলিয়া যুগের প্রতিফলন।" তুমি কি উক্তিটির সাথে একমত? মতামত বিশ্লেষণ কর। ৪

৩. ▶ মুক্তিযোদ্ধা সংবর্ধনা অনুষ্ঠানে স্মৃতিচারণ করতে গিয়ে বীর মুক্তিযোদ্ধা শফিকুল ইসলাম বলেন, যুদ্ধের এক পর্যায়ে আমরা পাকিস্তানি সেনাবাহিনীর একটি ক্যাম্প আক্রমণের পরিকল্পনা করি। মাঝখানে গোমতি নদী থাকায় আমাদের কমান্ডার একদল মুক্তিযোদ্ধাকে দায়িত্ব দিলেন খেয়াঘাট পাহারা দেবার জন্য। আমাদের মিশন সফল হয়েছে এই ভেবে তারা পাহারা ছেড়ে দিয়ে বিজয়ের আনন্দে মেতে ওঠে। এই সুযোগে শত্রু পক্ষ অরক্ষিত খেয়াঘাট দিয়ে এসে আমাদের ওপর অতর্কিত আক্রমণ চালায়। এতে আমাদের অনেক ক্ষতি হয়, কিন্তু এখান থেকে শিক্ষা কাজে লাগিয়ে পরবর্তীতে সবকটি মিশনে আমরা জয়ী হই।

http://teachingbd.com

ক. হুদায়বিয়ার সন্ধি স্বাক্ষরিত হয় কত খ্রিষ্টাব্দে? ১
খ. নাখলার খণ্ডযুদ্ধের কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনাটি ইসলামের ইতিহাসের প্রথম দিকের কোন যুদ্ধকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত যুদ্ধ থেকে প্রাপ্ত শিক্ষা মুসলমানদের মধ্যে যে পরিবর্তন এনেছিল তা বিশ্লেষণ কর। ৪

৪.▶ কমলগঞ্জ উপজেলার চেয়ারম্যান নির্বাচিত হয়ে সিরাজুল ইসলাম উপজেলায় কিছু সংখ্যক কর্মচারী নিয়োগ দেন। এদের মধ্যে কয়েকজন যোগ্য হলেও তারা ছিল চেয়ারম্যানের নিকট আত্মীয়। কিছুদিন পর কতিপয় ব্যক্তি তার বিরুদ্ধে স্বজনপ্রীতি, ক্ষমতার অপব্যবহারসহ কিছু অভিযোগ উত্থাপন করে। বিশেষ মহলের উস্কানিতে বিদ্রোহীরা এক পর্যায়ে চেয়ারম্যানের বাড়ি অবরোধ করে এবং উত্তেজিত জনতা তাকে আক্রমণ করে হত্যা করে। ফলে কমলগঞ্জের অধিবাসীদের মধ্যে সৌহার্দ্য ও সম্প্রীতি বিনষ্ট হয় এবং সংঘাত চলতে থাকে।
ক. যুন্নুরাইন শব্দের অর্থ কি? ১
খ. রিদ্দার যুদ্ধ সংঘটিত হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২
গ. চেয়ারম্যানের বিরুদ্ধে আনীত অভিযোগ কোন খলিফার বিরুদ্ধে আনীত অভিযোগের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. চেয়ারম্যানের হত্যার পর কমলগঞ্জ উপজেলার অবস্থার আলোকে হযরত ওসমান (রা) হত্যা পরবর্তী অবস্থা আলোচনা কর। ৪

৫.▶ পুবগাঁও উচ্চ বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির সদস্য কবিরের সভাপতির পদটির প্রতি খুব আগ্রহ। তাই তিনি তার সমর্থকদের নিয়ে সভাপতির একটি সিদ্ধান্তের বিরুদ্ধে কঠোর অবস্থান গ্রহণ করে। এ নিয়ে উভয় পক্ষের মধ্যে এক পর্যায়ে মারামারিও বেঁধে যায়। কবিরের এক ঘনিষ্ঠ সহযোগীর উদ্যোগে উভয়ের বিরোধ মীমাংসার জন্য বৈঠক বসলে প্রতারণার মাধ্যমে বর্তমান সভাপতিকে অপসারণ করে কবিরকে সভাপতি হিসেবে ঘোষণা দেওয়া হয়। এতে উপস্থিত সদস্যদের মাঝে কয়েকজন এর বিরোধিতা করলে তৃতীয় শক্তি হিসেবে আবির্ভূত হয় এবং এ তৃতীয় শক্তির কার্যকলাপ ছিল চরমভাবাপন্ন। পরবর্তী সময়ে বিদ্যালয়ের সকল কর্মকাণ্ডে তারা প্রতিবন্ধকতা সৃষ্টি করে।
ক. আসাদুল্লাহ উপাধি কাকে দেওয়া হয়? ১
খ. উস্ট্রের যুদ্ধ সংঘটিত হওয়ার কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সমঝোতা বৈঠকের ফলে সৃষ্ট তৃতীয় শক্তির সাথে ইসলামের কোন সম্প্রদায়ের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের দ্বন্দ্বটি হযরত আলী (রা) এবং মুয়াবিয়া (রা) এর দ্বন্দ্বের পূর্ণাঙ্গ রূপ? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

৬.▶ জনাব মশিউর রহমান একটি বিশাল সাম্রাজ্যের অধিপতি। সাম্রাজ্যের বিশালত্বের কারণে বিভিন্ন জাতির আঞ্চলিক ভাষা, আচার অনুষ্ঠান মূল ভাষার স্থলে প্রাধান্য লাভ করেছিল। তাই তিনি ভাবলেন অন্যান্য আঞ্চলিক ভাষা ও আচার অনুষ্ঠানের স্থলে মূল ভাষাকেই তারা সাম্রাজ্যের একমাত্র ভাষা করবেন। সেই অনুসারে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করলেন ও মুদ্রা ব্যবস্থায়ও পরিবর্তন ঘটালেন, যা ছিল তার সাম্রাজ্যের জন্য তাৎপর্যপূর্ণ ঘটনা।

http://teachingbd.com

ক. কুব্বাতুস সাখরা কার সময়ে নির্মিত হয়? ১
খ. ওমর বিন আব্দুল আজিজকে পঞ্চম রাশেদুন বলার কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত শাসকের সাথে উমাইয়া বংশের কোন খলিফার কর্মকাণ্ডে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মশিউর রহমানের চেয়ে সাদৃশ্যপূর্ণ তোমার পঠিত খলিফা ছিল বেশি কৃতিত্বের দাবিদার উক্তিটি বিশ্লেষণ কর। ৪

**৭.▶** পূর্ববর্তী শাসকের মনোনয়ন অনুসারে আনোয়ার ইব্রাহীম রাষ্ট্রক্ষমতা লাভ করেন। শাসনক্ষমতা লাভের পর তিনি ইসলামি শাসনব্যবস্থা প্রবর্তন করেন। তিনি রাজ্যবিস্তার অপেক্ষা রাজ্যরক্ষার উপর অধিক গুরুত্ব দেন। পক্ষপাতিত্বের ঊর্ধ্বে থেকে তিনি কড়াভাবে দেশ শাসন করেন। তার স্ত্রী তার নির্দেশে পিতা ও ভ্রাতাগণের থেকে প্রাপ্ত মণিমুক্তা খচিত অলংকারগুলো রাজকোষাগারে জমা দেন।
ক. উমাইয়া খিলাফতে প্রকৃত প্রতিষ্ঠাতা কে ছিলেন? ১
খ. মাওয়ালী বলতে কি বোঝ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত আনোয়ার ইব্রাহীমের কর্মকাণ্ডে তোমার পঠিত কোন উমাইয়া খলিফার আদর্শের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উক্ত খলিফার শাসনসংস্কার সামান্যই প্রতিফলিত হয়েছে বিশ্লেষণ কর। ৪

**৮.▶** ঐশী ও সঙ্গীতা ইসলামের জনৈক শাসক সম্পর্কে কথা বলছিল। ঐশী সঙ্গীতাকে জানায় এ শাসক বিশ্ব বিখ্যাত মনীষীদের গ্রন্থসমূহ আরবি ভাষায় অনুবাদ করার ব্যবস্থা করেন। সঙ্গীতা বিষয়টির সাথে একমত পোষণ করে এবং বলে উক্ত শাসকের রাজত্বকালে জ্ঞান-বিজ্ঞানের প্রভূত উন্নতি সাধিত হয় এবং তার রাজত্বকালকে মুসলিম সভ্যতার স্বর্ণযুগ বলা হয়।
ক. কোন আব্বাসীয় খলিফা বাগদাদে রাজধানী প্রতিষ্ঠা করেন? ১
খ. আবুল আব্বাসকে আস সাফফাহ বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে ঐশী কোন শাসকের কথা ইঙ্গিত করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সঙ্গীতার মতামতটির যথার্থতা নিরূপণ কর। ৪

**৯.▶** শিল্প বিপ্লবের বদৌলতে ইংল্যান্ড এখন ইউরোপের অন্যান্য দেশের মতো অর্থনৈতিকভাবে অনেক সমৃদ্ধ দেশ। সকলের নিজস্ব গাড়ি আছে। প্রশস্ত সব রাস্তা, পানশালাগুলো এমনভাবে আলোকোজ্জ্বল থাকে যে কেউ তা দেখলে তাদের অর্থনৈতিক সমৃদ্ধি উপলব্ধি করতে পারবে। শিক্ষাদীক্ষায়ও আজ তারা অনেক অগ্রগামী। অথচ এমন একটা সময় ছিল যখন তারা ধর্মগ্রন্থ ছাড়া অন্য কোনো গ্রন্থ সম্পর্কে আগ্রহ প্রকাশ করত না। আর এখন সেখানে হার্ভার্ড ক্যামব্রিজের মতো বিশ্ববিখ্যাত বিদ্যালয়সমূহে শুধু নিজেরাই নয়, সারাবিশ্ব থেকে ধর্ম বর্ণ নির্বিশেষে মেধাবী শিক্ষার্থী ও গবেষকরা সেখানে এসে জ্ঞান চর্চা করেন।
ক. স্পেনে স্বাধীন উমাইয়া আমিরাত প্রতিষ্ঠা হয় কত সালে? ১
খ. ১ম আব্দুর রহমানকে আদ দাখিল কেন বলা হয়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত লন্ডনের অর্থনৈতিক সমৃদ্ধির সাথে স্পেনের তৃতীয় আব্দুর রহমানের অর্থনৈতিক সমৃদ্ধির কোন সামঞ্জস্য আছে কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. শিক্ষাব্যবস্থায় উদ্দীপকে উল্লিখিত লন্ডনের আজকের অবস্থার আলোকে মুসলিম স্পেনের রাজধানী কর্ডোভার অবস্থান মূল্যায়ন কর। ৪

http://teachingbd.com

## বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-১ম পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : | ২ | ৬ | ৭ |

সময় : ৪০ মিনিট  পূর্ণমান: ৪০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১. হালাকু খান বাগদাদ নগরী কতদিন অবরোধ করে রাখেন?
ক) ৪০ দিন  খ) ৫০ দিন
গ) ৬০ দিন  ঘ) ৭০ দিন

২. 'কিতাব-উল-হিন্দ'কে রচনা করেন?
ক) আল কালবি  খ) আল মাসুদি
গ) আল বেরুনি  ঘ) ইবনে হিশাম

৩. আন্দালুসিয়া বলতে কোন দেশ বোঝায়?
ক) উত্তর আফ্রিকা  খ) স্পেন
গ) ফ্রান্স  ঘ) মিশর

৪. প্রথম হিশামের পিতার নাম কী?
ক) প্রথম আব্দুর রহমান
খ) আবদুল মালিক
গ) আব্দুল্লাহ
ঘ) তৃতীয় আব্দুর রহমান

৫. মুরগণ 'আল-মানাক' আবিষ্কার করেন তা কী?
ক) ইতিহাস গ্রন্থ  খ) রসায়ণশাস্ত্রের গ্রন্থ
গ) বার্ষিক পঞ্জিকা  ঘ) জ্যোতিষ শাস্ত্রের সূত্র

৬. কার মৃত্যুতে শিয়া সম্প্রদায় দুইভাগে বিভক্ত হয়ে পড়ে?
ক) ইমাম আবু ইউসুফ (রহ.)
খ) ইমাম আবু মুসলিম (রহ.)
গ) ইমাম ইসমাঈল (রহ.)
ঘ) ইমাম জাফর আস সাদিক (রহ.)

৭. আবিসিনিয়ার রাজা কোন ধর্মে বিশ্বাসী ছিলেন?
ক) ইহুদি  খ) খ্রিষ্টান
গ) ইসলাম  ঘ) পারসিক

৮. 'দারুল-হিকমা' কে প্রতিষ্ঠা করেন?
ক) আল মাহদী  খ) আল মুইজ
গ) আল আজিজ  ঘ) আল হাকিম

৯. ফাতেমীয় আমলের শ্রেষ্ঠ ঐতিহাসিকের নাম কী?
ক) আল কিন্দী  খ) আল ওয়াকিদী
গ) আল-মাকরিজি  ঘ) ইবনে হাইসাম

**অনুচ্ছেদটি পড়ে ১০ এবং ১১ নম্বর প্রশ্নের উত্তর দাও।**

তিনি ছিলেন রক্তপিপাসু। তিনি ছিলেন উমাইয়াদের প্রতি প্রতিশোধ-পরায়ণ। তিনি ছিলেন উমাইয়া বংশকে সমূলে নিশ্চিহ্ন করতে ভয়াবহ উন্মাদনায় মগ্ন। তিনি আব্বাসীয়দের মনে উমাইয়াদের বিরুদ্ধে প্রতিশোধের আগুন জ্বেলে দেন।

১০. তৎকালীন অবস্থার পরিপ্রেক্ষিতে উদ্দীপকে বলা হয়েছে—
i. উমাইয়াদের নিদারুণ পরিণতির কথা
ii. আব্বাসীয় খিলাফতের সূচনার কথা
iii. আব্বাসীয় প্রথম খলিফার বীরত্বের কথা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১১. উদ্দীপকে বর্ণিত নিষ্ঠুরতা ইবনে খালদুনের বর্ণনানুযায়ী কী সাব্যস্ত হয়?
ক) প্রতিশোধ  খ) বিদ্রোহ
গ) গণহত্যা  ঘ) অত্যাচার

১২. প্রাচীন মিশরের রাজাদের কী বলা হতো?
ক) ফারাও  খ) প্রভু
গ) বাদশাহ  ঘ) সম্রাট

১৩. খোলাফায়ে রাশেদিনের খলিফা নির্বাচন পদ্ধতির ধরণ কী ছিল?
ক) গণতান্ত্রিক পদ্ধতি
খ) পূর্ববর্তী খলিফার ওসিয়ত পদ্ধতি
গ) সিলেকশন পদ্ধতি
ঘ) ক্ষমতা প্রদর্শন পদ্ধতি

১৪. উমাইয়া বংশের সর্বশেষ খলিফা কে ছিলেন?
ক) হিশাম  খ) দ্বিতীয় ওয়ালিদ
গ) দ্বিতীয় মারওয়ান  ঘ) ইব্রাহিম

১৫. সিন্ধু বিজেতার নাম কী?
ক) মুসান্না  খ) খালিদ বিন ওয়ালিদ
গ) মুহাম্মদ বিন কাশিম  ঘ) ওবায়দা

১৬. 'রাজেন্দ্র' কার উপাধি ছিল?
ক) মুয়াবিয়া  খ) ইয়াজিদ
গ) আব্দুল মালিক  ঘ) আল ওয়ালিদ

১৭. উমাইয়া খিলাফতের বংশ পরিচয় কী?
ক) আসাদ  খ) বকর
গ) উমাইয়া  ঘ) হামোস

১৮. কাজিদের কাজ ছিল—
i. মসজিদের ওয়াকফ সম্পর্কে মীমাংসা করা
ii. মাদ্রাসার ওয়াকফ সম্পর্কে মীমাংসা করা
iii. ইমামতি করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

Teachingbd.com

১৯. প্রত্যেক জুন্দে কতজন সৈন্য থাকত?

ক ৪,০০০ খ ৫,০০০
গ ৬,০০০ ঘ ৭,০০০

২০. 'লা-হুকমা ইল্লা লিল্লাহ' কারা ঘোষণা করে?

ক মুতাজিলারা খ সুন্নিরা
গ শিয়ারা ঘ খারিজিরা

২১. কত বছর বয়সে হযরত আলী (রা.) ইসলাম গ্রহণ করেন?

ক ১০ বছর খ ১১ বছর
গ ১২ বছর ঘ ১৩ বছর

২২. আদমশুমার কী?

ক লোকগণনা খ কৃষি ব্যবস্থা
গ ভূমি প্রশাসক ঘ সেনা প্রশাসন

২৩. খোলাফায়ে রাশেদিনের দ্বিতীয় খলিফার নাম কী?

ক হযরত আবু বকর (রা.) খ হযরত ওমর (রা.)
গ হযরত ওসমান (রা.) ঘ হযরত আলী (রা.)

২৪. মুসায়লামা কে ছিল?

ক ভন্ডনবি খ রাজনীতিবিদ
গ সমাজ সংস্কারক ঘ পৌত্তলিক

২৫. মহানবি (সা.) এর জীবন বিশ্লেষণ করে বলা যায়, তিনি ছিলেন একজন—

i. শ্রেষ্ঠ ব্যবসায়ী
ii. সৎ ব্যবসায়ী iii. সুদক্ষ সেনাপতি

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. ইসলামি রাষ্ট্রের সার্বভৌমত্ব কার?

ক আল্লাহর খ মহানবির
গ খলিফার ঘ বাদশার

২৭. ধর্ম প্রচারে মহানবী (সা.) এর উদ্দেশ্যা কী ছিল?

ক বৈবাহিক সংস্কার
খ গোত্রীয় ব্যবস্থার পরিবর্তন
গ বৈপ্লবিক সংস্কার ঘ রক্তের সম্পর্ক উন্নয়ন

২৮. বিদায় হজ্জে মহানবি (স.) কতজন সাহাবি নিয়ে রওনা হন?

ক ১,১৪,০০০ জন খ ১,১৫,০০০ জন
গ ১,১৬,০০০ জন ঘ ১,১৭,০০০ জন

২৯. কত খ্রিষ্টাব্দে মক্কা বিজয় হয়?

ক ৬৩০ খ্রিষ্টাব্দে খ ৬৩১ খ্রিষ্টাব্দে
গ ৬৩২ খ্রিষ্টাব্দে ঘ ৬৩৩ খ্রিষ্টাব্দে

৩০. হুদায়বিয়া মক্কার কত মাইল দূরে ছিল?

ক ৭ খ ৮
গ ৯ ঘ ১০

৩১. 'কাসীদা' শব্দের অর্থ কী?

ক প্রবাদ বাক্য খ গীতিকাব্য
গ সাহিত্য চর্চা ঘ নাটক

৩২. গ্রিকদের সর্বশ্রেষ্ঠ দেবতার নাম কী?

ক জুপিটার খ আমন রে
গ জিউস ঘ ইখনাটন

৩৩. আরবের কোনদিকে 'নুফুদ' মরুভূমি অবস্থিত?

ক পশ্চিম খ উত্তর
গ দক্ষিণ ঘ পূর্ব

অনুচ্ছেদটি পড়ো ৩৪ এবং ৩৫ নম্বর প্রশ্নের উত্তর দাও।

মহানবি (সা.) এর সাহাবি ছিলেন যিনি তাঁর দুজন কন্যাকে বিয়ে করেছিলেন। তিনি ইসলামের প্রসারে তাঁর সম্পদ ব্যয় করেছিলেন। তিনি খুব ধার্মিক ছিলেন। অথচ তাঁকে হত্যা করেছিল মুসলমানরাই।

৩৪. অনুচ্ছেদে মহানবি (সা.) এর কোন সাহাবির কথা বলা হয়েছে?

ক আবু বকর খ তালহা
গ ওসমান ঘ আলী

৩৫. অনুচ্ছেদে বর্ণিত সাহাবিকে হত্যার সাথে জড়িত—

i. কুফার বিদ্রোহীরা
ii. বসরার বিদ্রোহীরা iii. মিশরের বিদ্রোহীরা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৬. আরব ভূ-খণ্ডের কোন দিকটি মরুময়?

ক দক্ষিণ খ উত্তর
গ পূর্ব ঘ পশ্চিম

৩৭. বুয়াইদ বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?

ক মুইজউদ্দৌলা খ আজদুদ্দৌলা
গ সামসুদ্দৌলা ঘ শরাফউদ্দৌলা

৩৮. ভৌগোলিক বৈশিষ্ট্য অনুসারে আরবের বৈশিষ্ট্য কোনটি ?

ক উপদ্বীপ খ বদ্বীপ
গ দ্বীপ ঘ দ্বীপপুঞ্জ

৩৯. মিশরীয়দের আবিষ্কৃত লিখন পদ্ধতিতে কয়টি চিহ্ন ছিল ?

ক ২২টি খ ২৩টি
গ ২৪টি ঘ ২৫টি

৪০. কাবাঘরের মূর্তি কখন অপসারিত হয় ?

ক ৬২৮ সালে খ ৬২৯ সালে
গ ৬৩০ সালে ঘ ৬৩১ সালে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | গ | ১৫ | গ | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ঘ |
| | ২১ | ক | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | ক | ৩৯ | গ | ৪০ | গ |

Teachingbd.com

http://teachingbd.com